

রংয়েটের আজ প্রতিষ্ঠাবার্ষিকী

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ১ সেপ্টেম্বর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

নানা আয়োজনের মধ্য দিয়ে আজ বিশ্ববিদ্যালয় দিবস পালন করবে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রংয়েট)। এরই মধ্যে ক্যাম্পাসের বিভিন্ন ভবন ও সড়কগুলো নানা রঙের আলোকসজ্জায় সাজানো হয়েছে।

অ- | অ | অ+

আজ রবিবার সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শুরু হবে দিনের কর্মসূচি। সকাল পৌনে ১০টায় ফেস্টুন ও পায়রা উড়িয়ে দিবসের আয়োজন উদ্বোধন করবেন উপাচার্য অধ্যাপক রফিকুল ইসলাম। এরপর বিশ্ববিদ্যালয়ের শহীদ ছাত্রদের কবরে পুষ্পস্তবক অর্পণ ও কবর জিয়ারত করবে প্রশাসন। সকাল ১০টায় শোভাযাত্রা শেষে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হবে। সকাল পৌনে ১১টায় ক্যাম্পাসে বৃক্ষরোপণ শেষে একটি প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হবে। এ ছাড়াও দুপুর পৌনে ১২টায় বিশ্ববিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হবে ‘আইডিয়া কনটেক্ট’, সাবেক-বর্তমান শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় এবং ডাটাবেইজ উদ্বোধন। সন্ধ্যায় ৭টায় অনুষ্ঠিত হবে বিশ্ববিদ্যালয় দিবসের ফায়ার ওয়ার্কস।